গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

# জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)-এর ২৫তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জাকিয়া সুলতানা<br>সচিব, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | ১৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি. |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| স্থান | : | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এনপিও মহাপরিচালক ও জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সদস্য-সচিব জনাব মুহম্মদ মেসবাহুল আলম সভায় কার্যপত্র উপস্থাপন করেন । অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | গত ১৬ নভেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২৪তম সভার কার্যবিবরণীর সংশোধনীর বিষয়ে মতামত আহবান করা হয়। এতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন। | বিগত ২৪ তম সভার কার্য বিবরণীটি দৃঢ় করা হয়। | |
| ০২ | এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত | মহাপরিচালক সভাকে জানান যে, এনপিও অফিসকে অধিদপ্তরে রূপান্তর ও ৩টি আঞ্চলিক অফিস স্থাপনের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে ১৭৭টি পদ সৃজনসহ ৩টি আঞ্চলিক অফিস স্থাপনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় সম্মতি প্রদান করে। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত ১৭৭টি পদ সৃজনের প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে বিদ্যমান ৬৭টি (পূর্বের যুগ্ম পরিচালক পদ বিলুপ্ত) করে বর্তমান ৬৬টি পদের সাথে ৩৩টি নতুন পদ সৃজন করে ৯৯টি পদের সম্মতি প্রদান করে।<br><br>সভায় এনপিও'র বিদ্যমান নিয়োগবিধিতে নতুন সৃষ্ট ৩৩টি পদ অন্তর্ভুক্ত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটির অনুমোদন গ্রহণ করা হয়েছে মর্মে মহাপরিচালক সভাকে জানান।<br><br>তিনি এনপিও'র বিদ্যমান পরিচালক পদটি মহাপরিচালক পদে উন্নীতকরণসহ অধিদপ্তরে রূপান্তরের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে মহাপরিচালক পদে একজন অতিরিক্ত সচিবকে পদায়ন করা হয়েছে মর্মে সভাকে জানান।<br><br>মহাপরিচালক সভাকে আরো অবহিত করেন যে, এনপিও দপ্তরকে অধিদপ্তরে রূপান্তরে অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় অসম্মতি জ্ঞাপন করেন। পরবর্তীতে, এনপিও দপ্তরকে অধিদপ্তরে রূপান্তরের প্রস্তাবটি পুনর্বিবেচনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানানোর জন্য গত ০৯/০১/২০২১ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়।<br><br>তিনি সভাকে অবহিত করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের | এনপিও'র অফিসকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পাদন করতে হবে। | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নিয়োগবিধি পরীক্ষণ সংক্রান্ত উপকমিটি কর্তৃক সুপারিশকৃত ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০২১ জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগে প্রেরণ করা হয়েছে এবং বর্ণিত বিষয়টি প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অপেক্ষমান রয়েছে। এ বিষয়ে ফলোআপ অব্যাহত আছে।<br><br>মহাপরিচালক সভাকে আরো বলেন, বর্ণিত বিষয়টি সচিব, শিল্প মন্ত্রণালয় যদি সভাপতি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিকে অনুরোধ করেন, তাহলে দ্রুত নিয়োগবিধির অনুমোদন পাওয়া যাবে।<br><br>সভাপতি এনপিও অফিসকে অধিদপ্তরে রূপান্তরের লক্ষ্যে নিয়োগবিধি চূড়ান্তকরণসহ অন্যান্য কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য মহাপরিচালক, এনপিও কে পরামর্শ প্রদান করেন । | | |
| ০৩ | এনপিও'র জন্য বরাদ্দকৃত জমিতে ভবন নির্মাণ সংক্রান্ত | মহাপরিচালক, এনপিও জানান, সচিব, শিল্প মন্ত্রণালয়-এর নির্দেশক্রমে তিনি প্রধান বয়লার পরিদর্শক এবং প্রজেক্টের ডিপিডি সাথে কে নিয়ে গত ০৮/০২/২০২২ তারিখে অ্যাটর্নি জেনারেল মহোদয় এবং ডেপুটি অ্যাটর্নি জেনারেল (ডিএজি)'র সাথে তাঁর সম্মেলন কক্ষে এ বিষয়ে আলোচনা করেন। উক্ত আলোচনায় অ্যাটর্নি জেনারেল মহোদয় এই বলে আশ্বস্ত করেন যে, আগামী বুধবার ১৬/০২/২০২২ তারিখের মধ্যে কোনো সিদ্ধান্ত না হলে এর জন্য যে পদক্ষেপ নেয়া দরকার তা তিনি গ্রহণ করবেন।<br><br>এ প্রসঙ্গে সভাপতি প্রকল্প অনুবিভাগকে অফিশিয়াল পত্র দিয়ে অবহিত করতে মহাপরিচালক, এনপিও কে নির্দেশনা প্রদান করেন। | মহাপরিচালক এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি নিষ্পত্তির জন্য অ্যাটর্নি জেনারেলের অফিস ও সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং এর আপডেট প্রকল্প অনুবিভাগকে অফিশিয়াল পত্রের মাধ্যমে অবহিত করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (আইন) শিল্প মন্ত্রণালয় (খ) মহাপরিচালক এনপিও<br>(গ) রেজিস্ট্রার ডিপিডিটি<br>(ঘ) ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন |
| ০৪ | এনপিও কর্তৃক বাস্তবায়িত কারিগরি প্রকল্পের ফলোআপ সংক্রান্ত | মহাপরিচালক এনপিও জানান, ২০২১-২২ অর্থবছরে এপিএ তে সভা, সেমিনার ও প্রশিক্ষণের যে কর্মসূচি রয়েছে তা বাস্তবায়ন করা হচ্ছে।<br><br>এ প্রসঙ্গে সভাপতি প্রকল্প টাইটেল থেকে কারিগরি শব্দটি বাদ দিয়ে "এপিও কর্তৃক বাস্তবায়িত প্রকল্প ফলোআপ" কথাটি ব্যবহারের পরামর্শ প্রদান করেন। | "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)-এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির যাবতীয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে । | (ক) পরিকল্পনা অনুবিভাগ, শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক, এনপিও<br>(গ) পিডি, এনপিও |
| ০৫ | এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ | ডিজি, এনপিও বলেন, এপিও এর Technical Expert Service (TES) সহায়তায় এনপিও বাংলাদেশের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে সেবাটি দিয়ে থাকে। কোভিড-১৯-এর মহামারির কারণে বিদেশি এক্সপার্ট বাংলাদেশে সশরীরে না আসাতে সেবাটির সুফল আশানুরূপ পাওয়া যাচ্ছেনা। কোভিড-১৯ মহামারী আন্তর্জাতিক ইস্যু। এই পরিস্থিতিতে হাইব্রিড অথবা সরাসরি প্লাটফর্মে সেবাটি চালু রাখার উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন। | এপিও হতে আগামী ২০২২ সালের জন্য TES সেবা হাইব্রিড অথবা সরাসরি প্লাটফর্মে আয়োজন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ০৬ | সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর | এনপিও কর্তৃক ৮টি ট্রেডবডির সাথে MoU স্বাক্ষর করা হয়েছে। এর মধ্যে নাসিবের সাথে এনপিও কাজ করে সুবিধা পাচ্ছে। কিন্তু অন্যান্য ট্রেডবডির সাথে এনপিও কাজ করে সুবিধা পাচ্ছেনা। এনপিও MoU স্বাক্ষরকারী সকল ট্রেডবডির সাথে কাজ করার চেষ্টা অব্যাহত রেখেছে। এ প্রসঙ্গে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ-এর পরিচালক প্রীতি চক্রবর্তী বলেন, এনপিও'র সাথে বিসিআই-এর MoU স্বাক্ষর হয়েছে। এর আলোকে এনপিও এবং বিসিআই-এর | এনপিও কর্তৃক স্বাক্ষরিত ০৮টি সমঝোতা স্মারক যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন ও ট্রেডবডির সাথে মত বিনিময় করাসহ ফলোআপ অব্যাহত রাখতে হবে । | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | একটি প্রতিষ্ঠান ইনডেক্স গ্রুপ-এর সাথে কার্যক্রম চলমান আছে।<br>সভাপতি বলেন, কোন ট্রেড বডির সাথে কত তারিখে MoU স্বাক্ষর হয়েছে তা একটি ছক আকারে উপস্থাপন করলে কমিটির সকল সম্মানিত সদস্য এ বিষয়ে স্পষ্ট ধারণা পাবে। তিনি MoU স্বাক্ষরের মেয়াদকাল ও গৃহীত কার্যক্রম সম্পর্কে জানতে চান। এ বিষয়ে একটি Action Plan তৈরি করে কয়েকজন অফিসারকে নিয়মিত ফলোআপের দায়িত্ব দিলে MoU স্বাক্ষরের সর্বোচ্চ সুবিধা পাওয়া যাবে। এছাড়াও, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)-এর পরিচালক প্রীতি চক্রবর্তী বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এনপিও'র কর্মকান্ডকে আরো গতিশীলকরণে এনপিও'র সক্ষমতা বৃদ্ধিকল্পে সভাপতির সুদৃষ্টি কামনা করেন এবং ট্রেডবডির কার্যক্রম মনিটরের উপর গুরুত্বারোপ করেন। | | |
| ০৭ | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ | মহাপরিচালক, এনপিও সভায় জানান, উৎপাদনশীলতা বিষয়ক Content টি অন্তর্ভুক্তির জন্য নতুন ভারপ্রাপ্ত চেয়ারম্যান, প্রফেসর মশিউজ্জামানের সাথে একাধিকবার আলাপ হয়েছে। ২০২২ শিক্ষাবর্ষে উৎপাদনশীলতা বিষয়টি বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে অন্তর্ভুক্তির জন্য তিনি প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন বলে সভাকে জানান।<br>এ প্রসঙ্গে সভাপতি বলেন, অন্তর্ভুক্তির কাজটি কারিগরি শিক্ষাবোর্ড সম্পাদন করবে, কিন্তু এই বিষয়টি প্রতিষ্ঠানটিকে বুঝিয়ে দেয়ার জন্য এনপিও থেকে একটি ফোকাল পয়েন্ট এবং কারিগরি শিক্ষাবোর্ড থেকে একটি ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হলে কাজটি সহজ হবে বলে তিনি মহাপরিচালক এনপিওকে পরামর্শ প্রদান করেন। | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামের ২০২২ শিক্ষাবর্ষে উৎপাদনশীলতা বিষয়ক Content টি অন্তর্ভুক্তির জন্য এনসিটিবি কার্যালয়ের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক, এনপিও |
| ০৮ | এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় ১০ (দশ) বছর মেয়াদী National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন | মহাপরিচালক, এনপিও সভায় জানান, সরকারের ৮ম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে, এবং National Productivity Master Plan বাস্তবায়নের জন্য একটি Action Plan তৈরি করা হয়েছে। মাস্টার প্ল্যানটি বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্তির জন্য সচিব দপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিবের সাথেও এবিষয়ে আলাপ হয়েছে বলে তিনি সভাকে জানান। মহাপরিচালক, এনপিও আরো বলেন, সভাপতির পরামর্শ মোতাবেক সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের পর তাদের ফোকাল পয়েন্টের তালিকা পাওয়া যায়, এবং সেই অনুযায়ী Master Plan এর জন্য গঠিত ৫টি থিমেটিক গ্রুপ ইতোমধ্যে সভা করেছে।<br>এ প্রসঙ্গে সভাপতি বলেন, ফোকাল পয়েন্টগুলো থিমেটিক গ্রুপ গুলোর সাথে মিটিং করে একটি রিপোর্ট তৈরি করবে যেটি মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠেয় আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থাপন করা হবে।<br>সভাপতি আরো বলেন, ৩.৮ পয়েন্ট থেকে ৫.৬ এ উন্নীত করার টার্গেট থাকলেও গত ২-৩ বছরে ০.১ পয়েন্টও বাড়ানো সম্ভব হয়নি। এবছর বাংলাদেশ এপিও-এর সভাপতি পদটি অলংকৃত করেছে। এই পদের সম্মান বাড়বে যদি অন্তত ০.২ পয়েন্ট বাড়িয়ে ৪.০ তে যাওয়া যায়। সভাপতি মহাপরিচালক, এনপিও কে বলেন, যারা যেসব থিমেটিক গ্রুপ নিয়ে কাজ করছে তাদেরকে স্ট্রাকচারালি ক্যাটাগরাইজড করে সময়সীমা বেধে দিতে হবে যেন এই সময়ের মধ্যে সকল মিটিং, সভা, সেমিনার সম্পন্ন করে | ক) Master Plan এর উপর প্রস্তুতকৃত Action Plan বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ও বিভিন্ন মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্টগণকে ৫টি থিমেটিক গ্রুপের সেমিনার, কর্মশালা ও আলোচনা সভা আয়োজন করতে হবে এবং একটি রিপোর্ট প্রস্তুত করতে হবে যেটি মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য আন্তঃমন্ত্রণালয় সভায় উপস্থাপন করা হবে।<br>খ) রিপোর্ট প্রস্তুতের জন্য থিমেটিক গ্রুপগুলোকে নির্দিষ্ট সময়সীমা নির্ধারণ করে দিতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | একটি যথাযথ রিপোর্ট প্রস্তুত করে জমা দেয় যাতে করে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে সভায় সেটিকে উপস্থাপন করা যায়।<br><br>জবাবে মহাপরিচালক, এনপিও বলেন, ইতোমধ্যেই যে ৫টি থিমেটিক গ্রুপ রয়েছে তাদেরকে আগামী ১৫ই ফেব্রুয়ারি থেকে মার্চের ৩ তারিখ পর্যন্ত ৫টি তারিখ নির্ধারণ করে দেয়া হয়েছে।<br><br>সভাপতি মহাপরিচালক, এনপিওকে আগামী মার্চের ৮ তারিখের পরে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আহবান করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার নির্দেশনা দেন। | | |
| ০৯ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ প্রদান করা | সভায় ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ এর কাজ চূড়ান্ত পর্যায়ে আছে বলে মহাপরিচালক সভাকে অবহিত করেন । অ্যাওয়ার্ড প্রদানের জন্য একটি জুরি বোর্ড রয়েছে যেখানে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে, এবং এর জন্য একটি সভার তারিখ নেয়ার জন্য সভাপতিকে জানানো হবে মর্মে মহাপরিচালক সভাকে অবহিত করেন ।<br><br>তিনি আরো জানান যে, অ্যাওয়ার্ড প্রদানের জন্য এসবি রিপোর্ট পাওয়া গেছে, কিন্তু এনএসআই রিপোর্ট পাওয়ার ক্ষেত্রে একটু বিলম্ব হচ্ছে বলে মহাপরিচালক বলেন। এই প্রসঙ্গে সভাপতি এনএসআই কে অবহিত করবেন বলে আশ্বস্ত করেন। অতঃপর, সভাপতি ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২১-এর অগ্রগতি নিয়ে জানতে চান। মহাপরিচালক জানান, মার্চ ২০২২ এর মধ্যে এর জন্য বিজ্ঞপ্তি দেওয়া হবে, এবং সার্বিক প্রস্তুতিও নেয়া হয়েছে। অ্যাওয়ার্ড প্রদানের ক্ষেত্রে কোনো রাজনৈতিক পক্ষপাতিত্বের সুযোগ যেন না থাকে সে ব্যাপারে সভাপতি সভাকে সতর্ক করেন। অ্যাওয়ার্ড প্রদানের ক্ষেত্রে নারী কোটা রাখার ব্যাপারে বিসিআই-এর ডিরেক্টর মিজ প্রীতি চক্রবর্তী সভায় অনুরোধ জানান। এ প্রসঙ্গে ডিজি বলেন, নীতিমালা আপডেট করার সময় এটি বিবেচনা করা হবে। | এনপিও, শিল্প মন্ত্রণালয় কর্তৃক ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২০ প্রদানের যাবতীয় কার্যক্রম শেষ করতে হবে , এবং একই সাথে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২১ এর কার্যক্রম চালু করতে হবে। | মহাপরিচালক, এনপিও |
| ১০ | এনপিও এর ষাণ্মাসিক জাতীয় উৎপাদনশীলতা বার্তা (এনপিও বার্তা) প্রকাশ | সভায় এনপিও ষাণ্মাসিক বার্তা ৯ম সংখ্যা মুদ্রণের কাজ সম্পন্ন করা হয়েছে এবং শীঘ্রই এটি যথাযথভাবে বিতরণ করা হবে মর্মে মহাপরিচালক, এনপিও সভাকে অবহিত করেন। সভাপতি ষান্মাসিক উৎপাদনশীলতা বার্তার মান যাচাই বাছাইয়ের ওপর গুরুত্বারোপ করেন এবং প্রয়োজনে একটি প্রুফ রিডিং কমিটি গঠনের জন্য পরামর্শ প্রদান করেন। | এনপিও'র ষাণ্মাসিক বার্তার মান উন্নয়নে অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর নেতৃত্বে গঠিত কমিটি সঠিকভাবে বিচার-বিশ্লেষণ করে নিয়মিত এনপিও বার্তা প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, এনপিও |
| ১১ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র গবেষণা বিষয়ক তথ্যাদি | মহাপরিচালক এনপিও কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে ৩টি কার্যক্রম পরিচালনা করা হবে মর্মে মত ব্যক্ত করেন। এ প্রসঙ্গে সভাপতি বলেন, গবেষণাগুলো করার জন্য প্রয়োজনে ইঞ্জিনিয়ার এবং বিষয় সংশ্লিষ্ট এক্সপার্ট দের সহযোগিতা নিতে হবে। গবেষণা যেনো ইফেকটিভ এবং অথেনটিক হয় তার ওপর তিনি গুরুত্বারোপ করেন। প্রয়োজনে, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার সহযোগিতা নিতে পারেন। এ ক্ষেত্রে তিনি এনপিও'র ডিজিকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন । | এনপিও কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে ৩টি গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য Third Party System এ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে । | ক) মহাপরিচালক এনপিও |
| ১২ | বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানে Material Flow | সভায় মহাপরিচালক এনপিও বলেন, গত ২০ ডিসেম্বর ২০২১ MFCA এর ওপর বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন প্রতিষ্ঠানে একটি ভার্চুয়াল | ক) MFCA এর পরবর্তী কার্যক্রম বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের প্রতিষ্ঠানে | (ক) মহাপরিচালক, এনপিও<br>(খ) চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | Cost Accounting (MFCA) বাস্তবায়ন | কর্মশালার আয়োজন করা হয়েছে এবং বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানে MFCA বাস্তবায়ন করার লক্ষ্যে এনপিও হতে পত্র প্রেরণের মাধ্যমে বিএসইসির আওতাধীন শিল্প প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের MFCA বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br><br>এ প্রসঙ্গে সভাপতি এই ট্রেনিং অফার কাদেরকে দেয়া হয়েছে তা জানতে চান। জবাবে মহাপরিচালক এনপিও বলেন, চিনি ও খাদ্য শিল্পের এবং বিএসইসি'র বিভিন্ন পর্যায়ে কর্মরত ব্যক্তিদের দেয়া হয়। অতঃপর সভাপতি এই ব্যাপারে একটি টার্গেট গ্রুপ তৈরি করতে মহাপরিচালক কে পরামর্শ দেন। | করতে হবে। | বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন |
| ১৩ | কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ | সভায় মহাপরিচালক এনপিও বলেন, এনপিও কর্তৃক কৃষি সেবা শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য বিবিএস-এর সাথে যোগাযোগ হয়েছে। সে অনুয়ায়ী বিবিএস-এর সাথে প্রয়োজনীয় পত্র Labor Force Survey প্রকাশের জন্য প্রেরণ করা হয়েছিল। উক্ত পত্রের প্রেক্ষিতে বিবিএস যথাযথ প্রকল্প গ্রহণ করে শিল্প মন্ত্রণালয় এবং এনপিওকে লিখিতভাবে জানিয়েছেন। এখন পর্যন্ত Labor Force Survey প্রকাশ হয়নি। Labor Force Survey প্রকাশিত হবার সাথে সাথেই এনপিও কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ করবে।<br><br>বাংলাদেশে উৎপাদনশীলতা লেভেল মেজারমেন্ট সম্পর্কে এনপিও ডিজি বলেন, এটি এপিও কীভাবে তৈরি করে তা জানার জন্য এপিওতে পত্র প্রেরণ করা হয়েছে। এপিও হতে প্রাপ্ত তথ্য জানার পর অবহিত করা হবে।<br><br>এনপিও বিবিএস এ যে পত্র প্রেরণ করেছে সেটি সভাপতিকে অবহিত করলে উক্ত বিষয়টি আপডেট বা ফলোআপ এর জন্য বিবিএস এর সচিব মহোদয়কে অনুরোধ জানাবেন। | এনপিও কর্তৃক কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য বিবিএস-এর সাথে যোগাযোগ রাখতে হবে। | মহাপরিচালক, এনপিও |
| ১৪ | উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা বিষয়ক প্রামাণ্য চিত্র প্রচার | জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১ উপলক্ষ্যে বিটিভিতে প্রামাণ্য অনুষ্ঠান সম্প্রচার করা হয়েছে এবং উৎপাদনশীলতা বিষয়ক নিয়মিত অনুষ্ঠান সম্প্রচারের ব্যাপারে মহাপরিচালক-এর কার্যালয়ের সাথে যোগাযোগ অব্যাহত আছে।<br><br>সভাপতি উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং উৎপাদনশীলতার সুফল আপামর জনসাধারণকে জানানোর জন্য মিডিয়া সেলিব্রেটি দিয়ে টিভিসি তৈরি করে বিটিভিসহ অন্যান্য বেসরকারি চ্যানেলে সম্প্রচারের উদ্যোগ গ্রহণের ব্যাপারে মহাপরিচালক, এনপিওকে পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে বিএসইসি-এর চেয়ারম্যান এনপিও কে সহযোগিতা করবে। | উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য টিভিসি তৈরি করে বিটিভিসহ অন্যান্য বেসরকারি চ্যানেলে সম্প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, এনপিও |
| ১৫ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ সংশোধন | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড সংক্রান্ত বর্তমান নীতিমালাটি সংশোধনের কার্যক্রম চলছে। অ্যাওয়ার্ড প্রদানের ক্ষেত্রে নারী কোটা রাখার ব্যাপারে বিসিআই-এর ডিরেক্টর মিজ প্রীতি চক্রবর্তী এর প্রস্তাবটি উল্লেখ করে সভাপতি মহোদয় এটিকে বাস্তবায়নের জন্য মহাপরিচালক কে পরামর্শ দেন।<br><br>মহাপরিচালক জানান, নীতিমালা সংশোধনের কার্যক্রম এখনো প্রাথমিক পর্যায়ে রয়েছে। কার্যক্রম সমাপ্ত করে সচিব, শিল্প মন্ত্রণালয়কে অবহিত করা হবে। এ প্রসঙ্গে | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০-এর পরিবর্তন ও পরিমার্জনের উদ্যোগ দ্রুত গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এফবিসিসিআই-এর ডিরেক্টর মিজ নাজ ফারহানা সভাপতিকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | | |
| ১৬ | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল | সভায়, এনপিও ও এপিও'র সহায়তায় বিভিন্ন সময়ে বাংলাদেশ ও আন্তর্জাতিকভাবে অনুষ্ঠিত প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালায় অংশগ্রহণকারী রিসোর্স পারসনের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের জন্য এনপিও কর্তৃক ০৮ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে জানান। তিনি বর্ণিত ট্রেইনার পুলের কার্যক্রম বাস্তবায়নের জন্য একটি খসড়া নীতিমালা প্রস্তুত করা হয়েছে বলে সভায় অবহিত করেন ।<br><br>এ প্রসঙ্গে সভাপতি মহাপরিচালককে ধন্যবাদ জানান এবং উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল কমিটিকে নীতিমালার কাজ দ্রুত সম্পন্ন করে দেশের এবং বিদেশের বিশেষজ্ঞের সমন্বয়ে উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের জন্য এনপিও'র মহাপরিচালককে পরামর্শ প্রদান করেন। এছাড়া, ট্রেইনার পুল যেন ভার্চুয়াল ট্রেনিং প্রদান করতে পারেন সে ব্যাপারেও তিনি গুরুত্বারোপ করেন। | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের নীতিমালা দ্রুত প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক , এনপিও |
| ১৭ | উৎপাদনশীলতা বিষয়ক আইন | মহাপরিচালক জানান, উৎপাদনশীলতা আন্দোলনকে অধিক মাত্রায় বেগবান এবং উৎপাদনশীলতা উন্নয়নকে টেকসই করার জন্য এনপিও কর্তৃক উৎপাদনশীলতা বিষয়ক আইনের খসড়া প্রস্তুত করা হয়েছে এবং এ বিষয়ে এনপিও'র কর্মকর্তাদের নিয়ে একটি কর্মশালা করা হয়েছে। এছাড়াও শিল্প মন্ত্রণালয়ের আইন শাখার উপ-সচিব, ড. এ.এফ.এম. আমীর হোসেনের উপস্থিতিতে মতবিনিময় সভা করা হয়েছে। সভাপতি এনপিও’র বর্তমান লিগ্যাল বেসিস সম্পর্কে জানতে চান। প্রতি উত্তরে মহাপরিচালক জানান, এই আইন তৈরির কাজই এখন করা হচ্ছে। সভাপতি এ বিষয়ে অধিকতর যাচাই-বাছাইয়ের মাধ্যমে কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, উৎপাদনশীলতা বিষয়ক খসড়া আইন প্রণয়নে ৫-৬ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে মহাপরিচালককে বলেন। | ক. উৎপাদনশীলতা বিষয়ক খসড়া আইনের খসড়া মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>খ. উৎপাদনশীলতা বিষয়ক আইন প্রণয়নে ৫-৬ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করতে হবে। | মহাপরিচালক এনপিও |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

28/02/2022

(জাকিয়া সুলতানা)
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)